কুষ্টিয়া জেলা পরিষদের অর্থায়নে উন্নয়ন প্রকল্পের চেক বিতরণ

কুষ্টিয়া জেলার বিভিন্ন ধর্মীয় ও সামাজিক অবকাঠামোর উন্নয়ন কার্যক্রমকে আরও গতিশীল করতে জেলা পরিষদের অর্থায়নে গৃহীত বিভিন্ন প্রকল্পের চেক বিতরণ ও মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার (৭ জুলাই) দুপুর ২টায় কুষ্টিয়া জেলা পরিষদ কার্যালয়ে বিভিন্ন অর্থবছরের রাজস্ব ও বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) তহবিলের আওতায় বাস্তবায়নাধীন বিভিন্ন উন্নয়ন প্রকল্পের চেক বিতরণ এবং মতবিনিময় সভার আয়োজন করা হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিভিন্ন প্রকল্পের প্রথম কিস্তি ও চূড়ান্ত বিলের চেক বিতরণ করেন কুষ্টিয়া জেলা পরিষদের প্রশাসক, বীর মুক্তিযোদ্ধা অধ্যক্ষ সোহরাব উদ্দিন।

এ সময় তিনি বলেন, জেলার সার্বিক উন্নয়নে জেলা পরিষদ নিরলসভাবে কাজ করে যাচ্ছে। ধর্মীয় ও সামাজিক প্রতিষ্ঠানগুলোর অবকাঠামো উন্নয়ন মানুষের জীবনমান উন্নয়ন এবং সামাজিক সম্প্রীতি বজায় রাখতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। তিনি সংশ্লিষ্ট প্রকল্প বাস্তবায়ন কমিটির সদস্যদের নির্ধারিত সময়ের মধ্যে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করে উন্নয়নকাজ সম্পন্ন করার আহ্বান জানান।

তিনি আরও বলেন, জনগণের করের অর্থ যথাযথভাবে কাজে লাগাতে হবে। উন্নয়ন প্রকল্প বাস্তবায়নে কোনো ধরনের অনিয়ম বা নিম্নমানের কাজ বরদাশত করা হবে না। প্রতিটি প্রকল্পের কাজ নির্ধারিত মান বজায় রেখে সম্পন্ন করতে হবে, যাতে সাধারণ মানুষ দীর্ঘমেয়াদে এর সুফল ভোগ করতে পারেন।

সভায় উপস্থিত ছিলেন কুষ্টিয়া জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত) মো. আব্দুল হাই সিদ্দিকীসহ জেলা পরিষদের ঊর্ধ্বতন কর্মকর্তা, প্রকল্পসংশ্লিষ্ট প্রতিনিধিবৃন্দ এবং বিভিন্ন প্রতিষ্ঠানের দায়িত্বশীল ব্যক্তিরা।

জেলা পরিষদ সূত্রে জানা যায়, এদিন কুষ্টিয়া জেলার বিভিন্ন ইউনিয়ন

ও উপজেলার গোরস্থান, ঈদগাহ, মসজিদ এবং মাদ্রাসার উন্নয়ন ও সংস্কারকাজের জন্য গৃহীত প্রকল্পগুলোর প্রথম কিস্তি ও চূড়ান্ত বিলের চেক বিতরণ করা হয়। এসব প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে ধর্মীয় প্রতিষ্ঠানগুলোর অবকাঠামো উন্নয়ন, জনসেবার মান বৃদ্ধি এবং স্থানীয় জনগণের জন্য প্রয়োজনীয় সুবিধা নিশ্চিত হবে বলে সংশ্লিষ্টরা আশা প্রকাশ করেন।

চেক বিতরণ শেষে উন্নয়ন প্রকল্পগুলোর অগ্রগতি, অর্থের সুষ্ঠু ব্যবহার এবং নির্ধারিত সময়ের মধ্যে কাজ শেষ করার বিষয়ে অংশগ্রহণকারীদের সঙ্গে মতবিনিময় অনুষ্ঠিত হয়।

চুয়াডাঙ্গায় ৬ষ্ঠ সদর উপজেলা পরিষদের ১ম মাসিক সভা অনুষ্ঠিত

চুয়াডাঙ্গা ৬ষ্ঠ সদর উপজেলা পরিষদের মাসিক ১ম সভা ও নবনির্বাচিত চেয়ারম্যানদের দায়িত্ব হস্তান্তর অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

আজ বুধবার সকাল ১১ টায় চুয়াডাঙ্গা সদর উপজেলা পরিষদের সম্মেলন কক্ষে এই সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন চুয়াডাঙ্গা সদর উপজেলার নির্বাহী কর্মকর্তা ফাতেমা-তুজ-জোহরা।

এসময় সভাটি আয়োজন করেন চুয়াডাঙ্গা সদর উপজেলা পরিষদ।সভার শুরুতে পবিত্র কোরআন থেকে তেলোওয়াত করেন চুয়াডাঙ্গা পল্লী উন্নয়ন কর্মকর্তা এ এম আমিনুল ইসলাম। আর পবিত্র গীতা থেকে পাঠ করেন সদর উপজেলা মাধ্যমিক কর্মকর্তা বিকাশ কুমার সাহা। সদর উপজেলা নবনির্বাচিত চেয়ারম্যান নঈম হাসান জোয়ার্দ্দারকে ফুল দিয়ে বরণ করে নেন ও স্বাগত বক্তব্য দেন সদর উপজেলার নির্বাহী কর্মকর্তা ফাতেমা তুজ জোহরা। এরপর একে একে নবনির্বাচিত সকল পরিষদ সদস্যকে ফুল দিয়ে বরণ করে নেয়া হয়। এরপর শুরু হয় চুয়াডাঙ্গা সদর উপজেলা এলাকার উন্নয়ন নিয়ে উন্মুক্ত আলোচনা সভা।

এ সময় সভায় চুয়াডাঙ্গা নবনির্বাচিত চেয়ারম্যান নঈম হাসান জোয়ার্দ্দার বলেন, ‘সবাইকে নিয়ে চুয়াডাঙ্গার উন্নয়ন করতে চাই।

আমাদের উন্নয়নের ধারা অব্যাহত রাখতে হবে চুয়াডাঙ্গা জেলার জন্য। আইনের প্রতি শ্রদ্ধাশীল রেখে জেলার উন্নয়ন করতে হবে। শেখ হাসিনার হাত শক্তিশালী করতে হলে চুয়াডাঙ্গার উন্নয়নের ধারা অব্যাহত রাখতে হবে। জনগণের সেবা করার জন্য আমরা নির্বাচিত হয়েছি। জনগণের জন্য সব সময় প্রস্তত থাকতে হবে তাদের সেবা করার জন্য। আগামীদিনে আমাদের একটাই প্রত্যয় যে একসাথে পথ চলে কাজ করতে হবে। চুয়াডাঙ্গা সদর উপজেলা রোল মডেলে নিয়ে যেতে হবে আর এটাই হবে আমাদের চ্যালেঞ্জ। সব প্রতিবন্ধকতা কাটিয়ে চুয়াডাঙ্গা সদর উপজেলা হবে রোল মডেল’।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা সদর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান মাসুদুর রহমান, মহিলা ভাইস চেয়ারম্যান মাসুমা খাতুন, আলুকদিয়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আবুল কালাম আজাদ, মোমিনপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আব্দুল্লাহ আল মামুন, কুতুবপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আলী আহম্মেদ হাসানুজ্জামান, শংকরচন্দ্র ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মহিউল আলম, বেগমপুর ইউনিয়ন পরিষদরে চেয়ারম্যান আলী হোসেন, তিতুদহ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান শুকুর আলী, পদ্মবিলা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোঃ আলম, গড়াইটুপি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান শফিকুর রহমান, মাখালডাঙ্গা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বিশ^জীত কুমার, চুয়াডাঙ্গা সদর উপজেলা পরিষদের সংরক্ষিত আসনের ইউপি সদস্য হালিমা খাতুন, প্রমুখ। এছাড়া উপস্থিত ছিলেন সদর উপজেলার সরকারি দপ্তরের সকল কর্মকর্তাগণ।